বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

ফোন ঃ ০২-৯৫৫৩০২৮
ই-মেইল ঃ dgmrmd@krishibank.org.bd

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-বিকেবি/প্রকা/আরএমডি-৪৪/২০১৯-২০২০/ ২৭৬৯

তারিখ ঃ ০৮-০৬-২০২০

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা।
০৬। সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংকের ০১ (এক) কোটি ও তদুর্ধ্ব অংকের মঞ্জুরি/ নবায়নযোগ্য ঋণের **Risk Rating** এর জন্য **External Credit Assessment Institutions (ECAI's)** তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ০১-০১-২০১৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-০১ এর মাধ্যমে রেটিং করা হয়নি (Unrated) এমন ১০,০০০/- টাকা থেকে ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত ক্ষুদ্র এন্টারপ্রাইজ গ্রাহকদের Risk Weight ৭৫% এবং ৩০,০০,০০০/- টাকার উর্ধ্বের ক্ষুদ্র এন্টারপ্রাইজ গ্রাহকদের ঋণের ১০০% Risk Weight নির্ধারণ করা হয়েছে। এছাড়া রেটিংবিহীন সকল মাঝারী এন্টারপ্রাইজ গ্রাহকদের ক্ষেত্রে ১০০% Risk Weight নির্ধারণ করা হয়েছে। বর্তমানে ১.০০ (এক) কোটি ও তদুর্ধ্ব অংকের ঋণগ্রহিতাদের ক্রেডিট রেটিং সম্পন্ন করার নির্দেশনা রয়েছে।

০২। ব্যাংকের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা অধিকতর কার্যকর করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ০১-০১-২০১৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-১ এর মাধ্যমে ঋণগ্রহিতাদের Credit Risk Rating সংক্রান্ত কার্যাদি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত ৮টি Credit Rating Agency কে External Credit Assessment Institutions (ECAI's) হিসেবে অনুমোদন দেয়া হয়েছে। সেগুলি হলো-

1. Credit Rating Agency of Bangladesh Ltd. (CRAB);
2. Credit Rating Information and Services Limited (CRISL);
3. National Credit Rating Ltd. (NCRL);
4. Emerging Credit Rating Ltd. (ECRL);
5. ARGUS Credit Rating Services Limited (ACRSL);
6. Alpha Credit Rating Limited (ACRL);
7. WASO Credit Rating Company (BD) Ltd. and
8. The Bangladesh Rating Agency Limited (BDRAL).

৪/৫a.

০৩। বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারের নির্দেশনাবলীর অনুবৃত্তিক্রমে গত ১৯-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৭৬৩ তম সভায় এ ব্যাংকের ০১(এক) কোটি ও তদূর্ধ্ব অংকের মঞ্জুরি/ নবায়নতব্য ঋণের ক্ষেত্রে Credit Rating সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত উপরোল্লিখিত ০৮(আট) টি ক্রেডিট রেটিং এজেন্সিসমূহকে নিম্নোক্ত শর্তে তালিকাভুক্তিকরণের অনুমোদন দেয়া হয়েছে।

১. ক্রেডিট রেটিং এজেন্সি পছন্দের ক্ষেত্রে ঋণগ্রহিতা/ ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের পূর্ণ স্বাধীনতা থাকবে।

২. ক্রেডিট রেটিং সংক্রান্ত কার্যাদি ০১ (এক) মাসের মধ্যে সম্পাদনপূর্বক পূর্ণাঙ্গ রিপোর্ট ঋণগ্রহিতা/ ঋণগ্রহিতা প্রতিষ্ঠান ও ব্যাংকের নিকট দাখিল করতে হবে।

৩. ক্রেডিট রেটিং রিপোর্ট অবশ্যই বস্তুনিষ্ঠ, স্বাধীন এবং স্বার্থের দ্বন্দ্বমুক্ত হতে হবে।

৪. ক্রেডিট রেটিং রিপোর্ট প্রস্তুতকরণ সংক্রান্ত প্রয়োজনীয় ফি ঋণগ্রহিতা/ ঋণগ্রহিতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হবে।

৫. ঋণগ্রহিতা/ ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের তথ্যাদি পর্যালোচনার ক্ষেত্রে বিশ্বস্ততা ও গোপনীয়তা বজার রাখতে হবে।

৬. ঋণ গ্রহিতা/ ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের তথ্যাদি সম্পাদনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এতৎসংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৭. ক্রেডিট রেটিং এজেন্সির ক্ষেত্রে প্রযোজ্য Internal Organization of Securities Commissions (IOSCO) এবং Bangladesh Securities & Exchange Commission (BSEC) কর্তৃক প্রকাশিত/ নির্ধারণকৃত Code of Conduct যথাযথভাবে পরিপালন করতে হবে।

৮. ব্যাংক কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন ক্রেডিট রেটিং এজেন্সির তালিকাভুক্তিকরণ বাতিল, ক্রেডিট রেটিং এজেন্সি কর্তৃক দাখিলকৃত রিপোর্ট গ্রহণ/ বাতিল এবং বর্ণিত শর্তাবলীর পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করবে।

০৪। উল্লেখ্য, বর্তমানে কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating এর মান Unrated হিসেবে বিবেচনা করে ব্যাংকের Risk Weighted Assets নিরূপণ করা হচ্ছে। অপরাপর কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating এর মানোন্নয়নের সাথে সাথে ব্যাংকের Risk Weighted Assets এর পরিমাণ হ্রাস পাবে। ফলশ্রুতিতে Capital to Risk Weighted Assets Ratio (CRAR) এর উপর ইতিবাচক প্রভাব পড়বে।

০৫। এমতাবস্থায়, সঠিকভাবে ICRRS পর্যবেক্ষণ ও ব্যাংকের ঋণ ঝুঁকি হ্রাসের লক্ষ্যে প্রধান কার্যালয়ে প্রেরিতব্য ঋণ প্রস্তাবের সাথে উল্লেখিত তথ্যাদি/ কাগজপত্রাদি সংযুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৬। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,

08/06/2020

সংযুক্তি ঃ ১(এক) টি

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক
(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। চীফ স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। <u>পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।</u>

০৭। নথি/মহানথি।

৮/১/২০২০

(মোঃ আক্তার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

# List of External Credit Rating Agency of Bangladesh

| SL. | Name of the Company | Address | Contact |
|---|---|---|---|
| 1 | Alpha Credit Rating Limited | Alpha Credit Rating Limited Sadharan Bima Bhaban-2 (8th Floor) 139 Motijheel C/A Dhaka-1000. | www.alpharating.com Telephone : +880-2-9573026, 9573027, 9573028, +880-1939906664 FAX: +880-2-9573025 E-mail: info@alpharating.com.bd |
| 2 | ARGUS Credit Rating Services Ltd | Motijheel Office: Level 13, BDBL Bhaban, 8 Rajuk Avenue, Dhaka-1000 | www.acrslbd.com Tel: +88 02 7110056, Fax: +88 02 7119570 Cell: 01841888411, 01914445566, 01914639676, 01979191919 |
| 3 | Credit Rating Agency of Bangladesh Ltd (CRAB) | Sena Kalyan Bhaban, Floor : 16th, Suite No: 1601,1602 195 Motijheel C/A, Dhaka 1000, Bangladesh. | www.crab.com.bd Phone: 88-02-9571497, 9571238, 7175368. Fax:88-02-9563837 Email: info@crab.com.bd |
| 4 | Credit Rating Information and Services Ltd (CRISL) | Nakshi Homes (4th & 5th Floor) 6/1A, Segunbagicha Dhaka | www.crislbd.com Tel: (02) 9515807-8, (02) 9514767-8 Fax: (8802) 956 5783 Email: info@crislbd.com crislbd@gmail.com |
| 5 | Emerging Credit Rating Ltd | Shams Rangs, House 104, Park Road,Level-A1 & Level-A2 Baridhara Dhaka-1212 | www.emergingrating.com Tel: +880 2 986 0911, +880 2 986 0897, . Fax: +880 2 986 0828 Email : info@emergingrating.com |
| 6 | National Credit Ratings Ltd | Zaman tower (8th Floor), 37/2 Purana Paltan, Dhaka-1000.<br><br>E-mail: info@ncrbd.com, ncrlbd10@yahoo.com | www.ncrbd.com Telephone: 8802-9359878, 9348050, 9341977 Fax: 880-2-93327 |
| 7 | The Bangladesh Rating Agency Limited | 47Karwan Bazar, Latif Tower(12th Floor), Dhaka-1215, Bangladesh | www.bdral.com E-mail : info@bdral.com Phone+880-2-8128838 Fax+880-2-8129446; Ext. 119 |
| 8 | WASO Credit Rating Company (BD) Limited | Haque Chamber (Level-5 & 6), 89/2 West Panthopath, Dhaka-1215 | www.wasocreditrating.com Tel:9111330,8116459,8126452, Fax:9146329 |

০৮/০৩/২০

মোঃ শহিদুল ইসলাম
উর্ধতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।